

স্মারক নং: ১৮.১৫.০০০০.০২৪.০০.০১.২৪-২০১
তারিখ: ২৯-০৮-২০২৪ খ্রিঃ



বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
Bangladesh Land Port Authority
এফ-১৯/এ, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.blpa.gov.bd

প্রেস রিলিজ

বাংলাদেশের স্থলবন্দর কর্তৃপক্ষের আওতাধীন স্থলবন্দরসমূহে সরকারী রাজস্ব আদায় ও ব্যবস্থাপনায় অধিকতর স্বচ্ছতা, জবাবদিহিতা ও পেশাদারিত প্রতিষ্ঠার লক্ষ্যে নানাবিধ উদ্যোগ গ্রহণ করায় দীর্ঘদিন থেকে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ রয়েছে এমন কিছু কর্মকর্তা-কর্মচারী প্রতিষ্ঠানটির চেয়ারম্যান জনাব মোঃ জিল্লুর রহমান চৌধুরীর বিরুদ্ধে অসত্য, ভিত্তিহীন এবং মানহানিকর তথ্য সরবরাহ করে বিভিন্ন দপ্তরে অভিযোগ করেছেন।

বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান হিসেবে গত ২০-০৭-২০২৩ খ্রিঃ তারিখে যোগদানের পর থেকে স্থলবন্দরসমূহে ওজন কারসাজি এবং অন্যান্য অনিয়ম দূরীকরণে জনবল ব্যবস্থাপনা উন্নত করার পাশাপাশি নানাবিধ ব্যবস্থা গ্রহণ করা হয়। তার অংশ হিসেবে দাপ্তরিক শৃঙ্খলা আনয়নের স্বার্থে কর্মকর্তা-কর্মচারীদেরকে বিভিন্ন বন্দরে বদলী, পদায়ন ও অভিযুক্তদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। এরই ধারাবাহিকতায় রাজস্ব আদায়ে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা নিশ্চিতকরণের মাধ্যমে সরকারি রাজস্ব ফাঁকিতে বন্দর কর্তৃপক্ষ জিরো টলারেন্স নীতি বাস্তবায়ন করছে। বেনাপোল, ভোমরা ও বুড়িমারী স্থলবন্দরে অটোমেশন সফটওয়্যার স্থাপন করা হয়েছে এবং অন্যান্য বন্দরে পর্যায়ক্রমে অটোমেশন সফটওয়্যার স্থাপন করা হচ্ছে।

এ পরিবর্তনের ফলে বেনাপোল স্থলবন্দরের মাধ্যমে গত অর্থবছরে আমদানি হাস পেলেও ওজন কারসাজি এবং অন্যান্য অনিয়ম দূর হওয়ায় বিগত ২০২৩-২০২৪ অর্থবছরে কাস্টম হাউস, বেনাপোল এর রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা অতিক্রম করে ২১৭ কোটি টাকা বেশি অর্জিত হয়েছে, যা দীর্ঘ এক যুগেও সন্তুষ্ট হয়েন। ওজন ক্ষেত্রে কারচুপি ও অনিয়ম বন্দের পর রাজস্ব আদায়ে ব্যাপক উর্ধ্বগতির বিষয়ে গত ১৫-০৭-২০২৪ খ্রিঃ তারিখের “প্রথম আলো” সহ দেশের প্রথম সারির বিভিন্ন গণমাধ্যমে প্রতিবেদন প্রকাশিত হয়।

অনিয়মের সাথে জড়িত থাকায় যেসব কর্মকর্তার বিরুদ্ধে বদলী ও বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, তারা দেশের বর্তমান পরিস্থিতিতে ব্যক্তিগত স্বার্থ সিদ্ধির আশায় প্রতিষ্ঠানটির চেয়ারম্যানকে সরিয়ে দিয়ে পূর্বের বিশৃঙ্খলা অবস্থায় ফিরে যেতে তৎপর হয়েছেন। ইতোমধ্যে তারা প্রতিষ্ঠানটির চেয়ারম্যানের বিরুদ্ধে অসত্য ও অমূলক অভিযোগ এনেছেন। সম্প্রতি দেশ টিভিতে সম্প্রচারিত বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যানের বিরুদ্ধে অবৈধ অর্থ-সম্পদ অর্জনসহ নানা অনিয়মের অভিযোগ তুলে যে বানোয়াট ও অসত্য সংবাদ প্রচারিত হয়েছে তা এই অপতৎপরতারই অংশ।

গত ০৭-০৮-২০২৪ খ্রিঃ তারিখে দেশে কোনো সরকার না থাকার সুযোগে মিডিয়ার উপস্থিতিতে উপরোক্ত কর্মকর্তা-কর্মচারীরা কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ে বিশৃঙ্খলা, ভাংচুর এবং নাশকতা ঘটানোর ঘড়িযন্ত্র করার উদ্যোগে ঢাকার অঞ্জাত স্থানে সমবেত হন; যা পরবর্তীতে প্রকাশ হয়ে যায়। এর প্রেক্ষিতে স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় নিরাপত্তা/প্রতিরোধ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করা হয়।

ইতোমধ্যে সংক্ষুক কর্মকর্তা-কর্মচারীরা আরো বেপরোয়া হয়ে উঠেছেন। যে কোনো সময় তারা সংঘবন্ধ হয়ে অন্যান্যদের সহযোগিতায় বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ে বিশৃঙ্খলা, ভাংচুর এবং নাশকতার ঘটনা ঘটাতে পারেন। এতে রাষ্ট্রের সম্পদ ও জানমালের ক্ষতি হতে পারে।



ক) কাস্টমস কর্তৃপক্ষের রাজস্ব ও বন্দর কর্তৃপক্ষের বন্দর মাশুলের তুলনামূলক চিত্র নিম্নরূপ:

ক্রম	অর্থবছর	বন্দর মাশুল (কোটি টাকায়)	রাজস্ব এর পরিমাণ (কোটি টাকায়)
১.	২০২১-২২	২৪৭.৮১	৬৯১৬.৭৮
২.	২০২২-২৩	২৪০.৩৬	৮৫৩২.৬৬
৩.	২০২৩-২৪	২৩২.৭৩	৯২৩২.১০
মোট=		৭২০.০৯	২৪৬৮১.৫৪

খ) বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক ব্যাংকে জমাকৃত স্থায়ী আমানতের পরিমাণ নিম্নরূপ:

ক্রম	স্থায়ী আমানত	২০০৩-২০২৩	২০২৩-২০২৪	মন্তব্য
১.	এফডিআর	৫৪২.৬৪	৭৭৩.২৩	গত অর্থ বছরে
	মোট=	৫৪২.৬৪	৭৭৩.২৩	বৃদ্ধি ২৩০.৫৯ কোটি টাকা

উল্লেখ্য, বিগত ০৫ (পাঁচ) অর্থ বছরে বেনাপোল স্থলবন্দরের মাধ্যমে কাস্টম হাউস, বেনাপোল এর রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আদায়ের পরিসংখ্যান নিম্নরূপ:

ক্রম	অর্থ বছর	লক্ষ্যমাত্রা (কোটি টাকা)	রাজস্ব আদায় (কোটি টাকা)
১	২০১৯-২০	৫৫৬৩.৫৯	২৬৩৫.৭৭
২	২০২০-২১	৬১৩৬.৭২	৪১৪৫.১৪
৩	২০২১-২২	৫১৫৮.০০	৪৬০০.৬০
৪	২০২২-২৩	৫৯৬৬.০০	৫৭৮৬.২৩
৫	২০২৩-২৪	৫৯৪৮.০০	৬১৬৭.৩৮
মোট=		২৮৭৭২.৩১	২৩৩৩৪.৫২

এমতাবস্থায়, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যানের বিরুদ্ধে সম্প্রতি দেশ টিভিসহ কতিপয় গণমাধ্যমে মিথ্যা, ভিত্তিহীন ও মানহানিকর অভিযোগ তুলে যে সংবাদ প্রচার/প্রকাশ করা হয়েছে; বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ তার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে। একইসাথে এ বিষয়ে বিভ্রান্ত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Renz ২৭/০৮/২০২৮

মোঃ রায়হান কবির
জনসংযোগ কর্মকর্তা
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
ফোন: ০১৭৫০৮২৩৬৭৬

প্রধান প্রতিবেদক/বার্তা সম্পাদক

- অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
- মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
 - সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
 - সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা (প্রেস রিলিজটি কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)